

## 💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ২৯৮

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯) মসজিদে গমণ করা। বিশেষ করে অন্ধকারে এবং তার ফযীলতের বর্ণনা

الترغيب في المشي إلى المساجد سيما في الظلم وما جاء في فضلها

## আরবী

(صحيح) وَعَنْ عُقْبَةَ بْنَ عَامِرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ النبي صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ: " إِذَا تَطَهَّرَ الرَّجُلُ، ثُمَّ أَتَى الْمَسْجِدَ يَرْعَى الصَّلَاةَ، كَتَبَ لَهُ كَاتِبَاهُ أَوْ كَاتِبُهُ، بِكُلِّ خُطْوَةٍ يَخْطُوهَا إِلَى الْمَسْجِدِ عَشْرَ حَسَنَات، وَالْقَاعِدُ يَرْعَى الصَّلَاةَ كَالْقَانِت ، وَيُكْتَبُ مِنَ يَخْطُوهَا إِلَى الْمُصَلِّينَ مِنْ حِينِ يَخْرُجُ مِنْ بَيْتِهِ حَتَّى يَرْجِعَ إِلَيْهِ " الْمُصلِّينَ مِنْ حِينِ يَخْرُجُ مِنْ بَيْتِهِ حَتَّى يَرْجِعَ إِلَيْهِ " . . رواه أحمد وأبو يعلى والطبراني في الكبير والأوسط وابن خزيمة في صحيحه ورواه ابن حبان في صحيحه

## বাংলা

২৯৮. (সহীহ্) উক্ববা বিন আমের (রাঃ) থেকে বর্ণিত। তিনি নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) থেকে বর্ণনা করেন। তিনি বলেনঃ "কোন ব্যাক্তি যখন পবিত্রতা অর্জন করে সালাত আদায়ের লক্ষেয় মসজিদে আসে, তবে মসজিদের দিকে তার প্রতিটি পদক্ষেপের বিনিময়ে লেখক ফেরেশতাদ্বয় বা লেখক ফেরেশতা দশটি নেকী লিখে নেন। আর সালাতের উদ্দেশ্যে অপেক্ষমান উপবিষ্ট ব্যাক্তি কুনূতকারী তথা সালাতরত ব্যাক্তির ন্যায় ছোয়াবের অধিকারী হবে। আর সে ব্যাক্তিকে তার বাড়ী হতে বের হয়ে ফিরে আসা পর্যন্ত মুসল্লীদের মধ্যে অন্তর্ভুক্ত করা হবে।"

(হাদীছটি বর্ণনা করেছেন আহমাদ ৪/১৫৭, আবু ইয়ালা ১৭৪৭, ত্বাবরানী [কাবীর ও আওসাত] গ্রন্থে, ইবনু খুযায়মাহ ২/৩৭৪ ও ইবনু হিব্বান ২০৩৬ তাদের [সহীহ] গ্রন্থদ্বয়ে)

## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন